



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০



ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাইল ০১৭১১-০০১৯০৮ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd

### প্রেস রিলিজ

## বর্ণাত্য আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২২ উদ্ঘাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৭ মার্চ ২০২২খ্রি।

যথাযোগ্য মর্যাদায় বরিশাল বিশ্ববিদ্যালয় উদ্ঘাপন করেছে মহান স্বাধীনতার স্থপতি বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০২২। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচির শুরুতে সকাল ৯ টায় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে স্বাধীনতার মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুস্তকবক অর্পণ করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয় প্রশাসন। পুস্তকবক অর্পণ শেষে এক প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, বঙ্গবন্ধু ও বাংলাদেশ একই সূত্রে গাঁথা। বঙ্গবন্ধুর জন্ম না হলে বাংলাদেশ নামক স্বাধীন রাষ্ট্রের জন্ম হতনা। মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা ছিলো বঙ্গবন্ধুর আজীবন লালিত স্বপ্নের বহিপ্রকাশ এবং অক্লান্ত পরিশ্রমের ফসল। তরুণ প্রজন্মকে প্রাতিষ্ঠানিক শিক্ষার সাথে সাথে নীতি-নৈতিকতা, সততা, মানবিক মূল্যবোধ সূজনে বঙ্গবন্ধুকে অনুসরণ করতে হবে। কারণ বঙ্গবন্ধু শুধু বাঙালী জাতি নয় বরং তিনি বিশ্ব মানবতার নেতা। অনুরণীয় ও অনুকরণীয়। উপাচার্য মহোদয় বঙ্গবন্ধুর আদর্শে অনুপ্রাণিত হয়ে মহান মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে এগিয়ে আসার জন্য সকলের প্রতি আহবান জানান। এরপর বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল, বিভিন্ন বিভাগ, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, ববিতে কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের স্মারকে সংগঠন উত্তরাধিকার, ছাত্রলীগসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন পুস্তকবক অর্পণে অংশ নেয়। সকাল ৯.৩০ টায় শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের স্তানরা অংশ নেয়। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী এবং বিজয়ী শিশুদের মধ্যে পুরস্কার বিতরণ করেন মাননীয় উপাচার্য মহোদয়। প্রতিযোগিতা শেষে উপস্থিত শিশু-কিশোরদেরকে সাথে নিয়ে বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে কেক কাটেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এদিকে দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া-মোনাজাত এবং বিশ্ববিদ্যালয়ের মন্দিরে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়। এছাড়াও বিকাল ৪:৩০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় সাংস্কৃতিক কমিটির আয়োজনে শিশু-কিশোরদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস